দৈনিক
ইত্তেফাক

তারিখ 30 OCT 2002
পৃষ্ঠা ১ কলাম ৫

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে সেনা আতঙ্ক ॥ ছাত্রদল নেতারা রাত কাটান হলের বাইরে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলোতে সেনা আতংক বিরাজ করছে। ছাত্র সংগঠনের নেতা-কর্মী ছাড়াও সাধারণ ছাত্র-ছাত্রীদের মধ্যেও সেনা আতংক ছড়িয়ে পড়েছে। রাত ১০টার পর ছাত্রদলের অধিকাংশ নেতা-কর্মী হল ত্যাগ

(২য় পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে সেনা

(প্রথম পৃষ্ঠার পর)

করে বাইরে, রাত যাপন করছে। রবিবার মুহসীন হলে ছাত্রদলের দুই গ্রুপের মধ্যে দ্বন্দ্বে আগ্নেয়াস্ত্র প্রদর্শনের পর সেনা অভিযানের আশঙ্কা ঘনীভূত হয়েছে। সোমবার বিকালে কাঁটাবন ও বাবুপুড়া বস্তি এলাকায় সেনা অভিযান শুরু হলে ক্যাম্পাসে আতংক দেখা দেয়। গতকাল মল চত্বরে সেনা এবং পুলিশ বাহিনীর সদস্যরা একটি তাঁবু স্থাপন করেছে।

গতকাল ছাত্রলীগের সভাপতি লিয়াকত সিকদার ও সাধারণ সম্পাদক নজরুল ইসলাম বাবু এক বিবৃতিতে সংগঠনের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক খলিলুর রহমানের নিঃশর্ত মুক্তি দাবী করে বলেছেন, কোন ধরনের মামলা-মোকদ্দমা না থাকা সত্ত্বেও সেনাবাহিনীর সদস্যরা তাকে গ্রেফতার করেছে এবং নির্যাতন করছে।